গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা

# এপিএ টিমের বিশেষ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | একেএম আফতাব হোসেন প্রামানিক<br>অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | ০৩ জুলাই ২০২২ |
| সভার সময় | বিকাল ৩.০০ টায় |
| স্থান | সভাপতির অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি ২০২০-২১ অর্থবছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এপিএ'তে ২য় স্থান অর্জন করায় সকলকে অভিনন্দন জানান এবং মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রদানকৃত সনদ ও ক্রেস্ট প্রদর্শন করেন। তিনি বলেন যে, এ সাফল্য শুধু মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের নয়, এ সাফল্য শিক্ষা পরিবারের সাথে সংশ্লিষ্ট সকলের। অতঃপর তিনি উপস্থিত সকলকে নিজ নিজ পরিচয় প্রদানের অনুরোধ জানান। সভায় উপস্থিত এ বিভাগের এপিএ টিমের সদস্যবৃন্দ এবং আওতাধীন দপ্তর/সংস্থার টিম প্রধান ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ নিজ নিজ পরিচয় প্রদান করেন। এ পর্যায়ে সভাপতি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার অনুরোধ জানান। এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ নূর-ই-আলম বলেন যে, ২০২১-২২ অর্থবছর ইতোমধ্যে শেষ হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আগামী ১৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়নের প্রমানকসহ অগ্রগতি প্রতিবেদন বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (BMC) অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। তিনি আরো বলেন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের এপিএ'তে আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম রয়েছে। দপ্তর/সংস্থাসমূহ ঐ সকল কার্যক্রমগুলির বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণক আগামী ০৬ জুলাই ২০২২ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ না করলে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক সকল প্রমাণক একীভূত করে BMC এর অনুমোদনক্রমে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা সম্ভব হবে না।

৩. অতঃপর ফোকাল পয়েন্ট কর্মকর্তা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২০২১-২২ অর্থবছরের এপিএ অগ্রগতি সভায় উপস্থাপন করেন। শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মীর মুয়াজ্জেম হুসেন জানান যে, তাদেরকে সারা বাংলাদেশ থেকে তথ্য-উপাত্ত সংগ্রহের পর তা একীভূত করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করতে হবে। ০৬ জুলাই ২০২২ তারিখের মধ্যে সকল তথ্য সংগ্রহ করা খুবই কঠিন। তিনি আরো কিছুদিন সময় বাড়ানোর জন্য বিশেষভাবে অনুরোধ জানান। সভাপতি বলেন যে, প্রমাণক দাখিলের বিষয়টি অনেকদিন পূর্বেই দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে অবহিত করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের সাথে সময় বর্ধিতকরণের বিষয়ে কথা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক অতিরিক্ত কোন সময় বৃদ্ধি করা হবে না মর্মে অবহিত করা হয়েছে। আর যেহেতু সামনে ঈদের ছুটি, সেই বিষয়টি বিবেচনায় নিয়ে অতিরিক্ত সময় অফিস করে হলেও আগামী ০৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে এপিএ বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিলের বিকল্প নেই। এপিএ'তে অন্তর্ভুক্ত কার্যক্রম সম্পাদন হওয়া সত্ত্বেও সময়মতো প্রমাণক দাখিল না করার কারণে নম্বর কর্তন হওয়া অনাকঙ্খিত। ২০২১-২২ অর্থবছরের এপিএ বাস্তবায়ন এবং প্রমাণক সরবরাহের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নেবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**৩. সিদ্ধান্তসমূহ:**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ০১ | মন্ত্রিপরিষদ বিভাগের সাথে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সম্পাদিত এপিএ সংশ্লিষ্ট আওতাধীন দপ্তর/সংস্থার কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত সকল প্রমাণক আগামী ০৬ জুলাই ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান (সকল)। |
| ০২ | শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত প্রমাণক পরিধি বিস্তৃত হওয়ায় উক্ত দপ্তর আগামী ০৭ জুলাই ২০২২ তারিখের মধ্যে আবশ্যিকভাবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রমাণকসহ প্রতিবেদন দাখিল করবে। | প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর। |
| ০৩ | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক ২০২১-২২ অর্থবছরের এপিএ কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত বার্ষিক প্রতিবেদন প্রমাণকসহ আগামী ১৩ জুলাই ২০২২ তারিখের মধ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটি'র (BMC) সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |
| ০৪ | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত ১৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে ২০২১-২২ অর্থবছরের এপিএ'র বার্ষিক প্রতিবেদন প্রমাণক এবং BMC এর অনুমোদনসহ যথাযথভাবে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ। |

৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

একেএম আফতাব হোসেন প্রামানিক
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) ও এপিএ টিম প্রধান

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২১.১৪১

তারিখ: ২০ আষাঢ় ১৪২৯
০৪ জুলাই ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ)
২) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
৩) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) মহাপরিচালক (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি
৬) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
৭) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৮) যুগ্মসচিব , প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৯) পরিচালক, পরিচালকের দপ্তর, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর
১০) সচিব (সচিবালয় ও প্রশাসন বিভাগ), সচিবালয় ও প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
১১) উপসচিব, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১২) উপসচিব , সংসদ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৪) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

মোঃ নূর-ই-আলম
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)